

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৬০

আগরতলা, ১৪ জানুয়ারি, ২০২৫

৪৩তম আগরতলা বইমেলা

ধীরেন্দ্রকৃষ্ণ স্মৃতি পুরস্কারে পুরস্কৃত বরুণ চক্রবর্তী
কালীকিঙ্কর দেববর্মা স্মৃতি পুরস্কারে পুরস্কৃত কালীপদ ভট্টাচার্য

৪৩তম আগরতলা বইমেলায় সমাপ্তি অনুষ্ঠানে আজ বিভিন্ন বিভাগে পুরস্কার প্রাপকদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। এবারের আগরতলা বইমেলা উপলক্ষে চিত্রকলা ভাস্কর্য ও ফাইন আর্টস বিভাগে বিশেষ অবদানের জন্য ধীরেন্দ্রকৃষ্ণ স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার বরুণ চক্রবর্তী। শাস্ত্রীয় সঙ্গীতে বিশেষ অবদানের জন্য কালীকিঙ্কর দেববর্মা স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার কালীপদ ভট্টাচার্য। লোক সংস্কৃতিতে বিশেষ অবদানের জন্য লালন পুরস্কার পেয়েছেন জিরানীয়া বেলবাড়ির বিশুরায় দেববর্মা। নাটকে বিশেষ অবদানের জন্য ত্রিপুরেশ মজুমদার স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার প্রদীপ দাস। বাংলা ছোট গল্পে বিশেষ অবদানের জন্য ভীষ্মদেব স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার পারিজাত দত্ত। বাংলা সাহিত্যে বিশেষ অবদানের জন্য সলিলকৃষ্ণ দেববর্মা স্মৃতি পুরস্কার পেয়েছেন সারুমের অশোকানন্দ রায় বর্ধন। বাংলা ভাষায় শ্রেষ্ঠ প্রকাশনার জন্য রাখামোহন ঠাকুর স্মৃতি পুরস্কার পেয়েছেন ত্রিপুরা বাণী প্রকাশনী। ড. মুকুল ঘোষ রচিত ‘ত্রিপুরা রাজকাহিনী রাজমালা’ বইটির জন্য ত্রিপুরা বাণী এই পুরস্কার পেয়েছে। ‘ত্রিপুরা রাজকাহিনী রাজমালা’ শীর্ষক বইটির লেখক হিসেবে ড. মুকুল ঘোষকেও অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়। ককবরক ভাষায় শ্রেষ্ঠ প্রকাশনার জন্য দৌলত আহমেদ স্মৃতি পুরস্কার পেয়েছে ককবরক সাহিত্য পরিষদ। ড. অতুল দেববর্মা রচিত ‘দুঙ্গর বন-৫জি’ বইটির জন্য ককবরক সাহিত্য পরিষদ এই পুরস্কার পেয়েছে। দুঙ্গর বন-৫জি বইটির লেখক হিসেবে ড. অতুল দেববর্মা কেও পুরস্কৃত করা হয়। বাংলা, ককবরক ব্যাতিত অন্যান্য সংখ্যালঘু ভাষায় শ্রেষ্ঠ প্রকাশনার পুরস্কার পেয়েছে ত্রিপুরা বাণী প্রকাশনী। বিমল মামেন চাকমা রচিত ‘যমসবা’ বইটির জন্য ত্রিপুরা বাণী এই পুরস্কার পেয়েছে। অনুষ্ঠানে যমসবা বইটির লেখক বিমল মামেন চাকমাকেও পুরস্কৃত করা হয়। শ্রেষ্ঠ লিটল ম্যাগাজিনের পুরস্কার পেয়েছে ‘ভারতীয়ম’।

যুব পুরস্কারগুলির মধ্যে নৃত্য ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সত্যরাম রিয়াং স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার নিলাদ্রি চক্রবর্তী। সঙ্গীতে বিশেষ অবদানের জন্য অশ্বিনী বিশ্বাস স্মৃতি পুরস্কার পেয়েছেন আগরতলার ড. পিয়ালি চক্রবর্তী। চিত্রকলা, ভাস্কর্য ও ফাইন আর্টস বিভাগে বিশেষ অবদানের জন্য সুমঙ্গল সেন স্মৃতি পুরস্কার পেয়েছে দক্ষিণ ত্রিপুরা জেলার সুকান্ত দত্ত। নাটকে বিশেষ অবদানের জন্য অজিত মজুমদার স্মৃতি পুরস্কার পেয়েছেন খোয়াইয়ের সুরজিৎ গোপা।

৪৩তম আগরতলা বইমেলায় এবার ফটো এক্সিবিশন গ্যালারি বিভাগেও পুরস্কার দেওয়া হয়েছে। ফটো এক্সিবিশন গ্যালারি বিভাগে চিত্র প্রদর্শনীতে প্রথম পুরস্কার পেয়েছেন চিত্র সাংবাদিক সুমন দেবরায়। যুগ্মভাবে দ্বিতীয় হয়েছেন চিত্র সাংবাদিক জয়ন্ত দে ও চিত্র সাংবাদিক শেখর দেববর্মা। যুগ্মভাবে তৃতীয় হয়েছেন চিত্র সাংবাদিক চুনী দেব ও চিত্র সাংবাদিক রাকেশ নন্দী।
